দৈনিক ইনকিলাব

তারিখ ... ... ... SEP 17 1999
পৃঃ ৮ কলাম ৬

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৫ ছাত্রকে কারণ দর্শাও নোটিশ প্রদান

**প্রেস বিজ্ঞপ্তি** ঃ গত ১৪ সেপ্টেম্বর, ১৯৯৯ তারিখ মঙ্গলবার আনুমানিক রাত ১০টায় ফারুক শিকদার নামে ঢাকা বিশ্ববিদ্যালয় বাংলা বিভাগের ২য় বর্ষের জনৈক ছাত্রকে হামলা, মারধর ও অস্ত্র দিয়ে আঘাত করে আহত করার অভিযোগে বিশ্ববিদ্যালয়ের মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান হলের ৫ জন ছাত্রকে 'কেন বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার করা হবে না' মর্মে 'কারণ দর্শাও' নোটিশ প্রদানের নির্দেশ দেয়া হয়েছে।

অভিযুক্ত পাঁচজন ছাত্র হল— মোমিন উদ্দীন, কক্ষ নং-২২৬, এম এ (নতুন) রাষ্ট্র বিজ্ঞান বিভাগ, শেখ ফরিদ কক্ষ নং ৪২৭, এম এ (নতুন) আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ, সেলিম কক্ষ নং ৪২৪, এম এ (নতুন) ইতিহাস বিভাগ, সাজ্জাদ হোসেন, কক্ষ নং ৪২৪, এম এ (নতুন) ইতিহাস বিভাগ এবং মনির এম এ (নতুন) বাংলা বিভাগ।

আগামী ৭ দিনের মধ্যে কারণ দর্শাও নোটিশের সন্তোষজনক জবাব দিতে ব্যর্থ হলে তাদেরকে বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার করা হবে। উল্লেখ্য যে, তারা কবি জসীম উদ্‌দীন হল ক্যান্টিনে খাবার খেয়ে বিল পরিশোধ না করে ক্যান্টিন ম্যানেজারকে হুমকি দিয়ে চলে যাওয়ার সময় ফারুক শিকদার তার প্রতিবাদ জানালে তারা ফারুককে অপহরণ করে জিয়া হলের গেইটে নিয়ে যায় এবং বেদম প্রহার করে।

উল্লিখিত ঘটনা তদন্তপূর্বক রিপোর্ট প্রদানের উদ্দেশ্যে কবি জসীম উদ্‌দীন হলের সিনিয়র হাউজ টিউটর জনাব মোঃ সেলিম ভুঁইয়াকে আহবায়ক এবং ডঃ মঈন উদ্দিন কামাল ও জনাব আবদুল হালিমকে সদস্য করে তিন সদস্যবিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে।